



নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।

টেলিফোন : ০৭৭২৩-৫৬০৯৩, ০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স : ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
ওয়েব সাইট : www.pbs2.natore.gov.bd

জ্বালানি ঘাটতির কারণে অনাকাঙ্ক্ষিত লোডশেডিংয়ে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবান

এতদ্বারা নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে আন্তর্জাতিক জ্বালানি তেলের দাম অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও জ্বালানি ঘাটতির কারণে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন সম্ভব হচ্ছে না। বৈশ্বিক পরিস্থিতির কারণে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ উৎপাদন হ্রাস পাওয়ায় আপনার এলাকায় দিনে ও রাতে পর্যায়ক্রমে বিভিন্ন ফিডারে ১ ঘন্টা করে লোডশেডিং করা হচ্ছে। লোডশেডিং এর সময় সকলকে ধৈর্য ধারণ করার জন্য অনুরোধ করা হলো। বিদ্যুৎ সাশ্রয়ের নিমিত্তে সরকারী নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত পদক্ষেপগুলো বাস্তবায়ন করার জন্য সবিনয় অনুরোধ করা হচ্ছে-

- রাত্রি ৮:০০ ঘটিকার মধ্যে সকল মার্কেট, দোকান, শপিংমল বন্ধ রাখতে হবে।
- “আমার কক্ষের সুইচ আমি নিজেই বন্ধ করি” –মাননীয় প্রধানমন্ত্রীর এ আহবান মেনে চলি।
- পিক আওয়ারে (বিকাল ৫:০০ হতে রাত ১১:০০ ঘটিকা) মসজিদ, মন্দির, বাসা বাড়ীর এসি, পানির পাম্প, লম্বী, ওয়েল্ডিং মেশিন/মেকানিক্যাল ওয়াক, মোটর ও হিটার বন্ধ রাখতে হবে।
- এসি ব্যবহার পরিহার করুন। একান্তই করতে হলে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেঃ রাখুন।
- সামাজিক অনুষ্ঠানে অতিরিক্ত আলোক সজ্জা পরিহার করতে হবে।
- ব্যক্তি পর্যায়ে প্রত্যেক অফিস, আদালতে ও বাসাবাড়ীতে বিদ্যুৎ সাশ্রয় করুন।
- রাত ১২:০০ ঘটিকার পূর্বে ইজি বাইক চার্জ দেওয়া যাবে না।
- বিদ্যুৎ সাশ্রয়ী LED বাল্বসহ সাশ্রয়ী বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করুন।

“বিদ্যুৎ সাশ্রয় করি, সমৃদ্ধ দেশ গড়ি”

আমাদের সম্পর্কে জানতে ও গুরুত্বপূর্ণ তথ্য পেতে ভিজিট করুন-

<http://pbs2.natore.gov.bd/>

অথবা-

<https://www.facebook.com/natorepbstwo>